

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০১৩.২৪ নথির বিষয়: Supply of computer accessories for Maintenance division of SWTP. সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Supply of computer accessories for Maintenance division of SWTP. সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২/৫/২৪ ৫:১২ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুইটি শোধনাগার এবং প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। যার সাহায্যে ০৮টি মডস জোনে পানি সরবরাহ করা হয়। ফলে অত্র অফিসের সকল কাজ-কর্ম জরুরী ভিত্তিতে সমাধান করতে হয়। অত্র অফিসের সকল কাজ-কর্ম প্রায়ই অন লাইন ভিত্তিক এবং স্ক্যাডা মাধ্যমে পরিচালিত। অন লাইন ভিত্তিক এবং স্ক্যাডা মাধ্যমে পরিচালিত হওয়ায় কম্পিউটার, মনিটর সহ অন্যান্য মালামালের খুবই প্রয়োজনীয়। কিন্তু অত্র অফিসে কম্পিউটার সহ অন্যান্য মালামালের স্বল্পতার কারণে অফিসিয়াল কাজ তথা ই-নথি, ই-জিপি, পানির মেইন ট্রান্সমিশন নেটওয়ার্ক ইত্যাদি এবং বিভিন্ন চিঠিপত্র/রিপোর্ট করতে সমস্যা/ধীরগতি হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে অফিসের বিভাগীয় কাজ-কর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কম্পিউটার, মনিটর সহ অন্যান্য মালামালে ক্রয় করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে কম্পিউটার, মনিটর সহ অন্যান্য মালামাল ক্রয় করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত কোটেশনের তুলনামূলক কম দরের উপর ভিত্তি করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-০৬)। এতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ১,৪২,৮২০/- (এক লক্ষ বিয়াল্লিশ হাজার আটশত বিশ) টাকা মাত্র।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২/৫/২৪ ৫:১৪ অপরাহ্ন

২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৬ এবং প্যাকেজ নং-G-06 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান উদয় এন্টারপ্রাইজ কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ'ল।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২/৫/২৪ ৫:২০ অপরাহ্ন

আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত কোটেশনের তুলনামূলক কম দরের উপর ভিত্তি করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-০৬)। এতে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ১,৪২,৮২০/- (এক লক্ষ বিয়াল্লিশ হাজার আটশত বিশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের Computer & Accessories (কোড ০২-০১-০১৭) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৬):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। মালামালের কোটেশন দাখিল করার জন্য ঠিকাদারকে চিঠি প্রেরণ।
- ৩। ঠিকাদার হইতে প্রাপ্ত মালামালের কোটেশনের কপি।
- ৪। মালামালের দর বিশ্লেষণ এর কপি।
- ৫। মালামালের স্পেসিফিকেশন এর কপি।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলন এর কপি।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২/৫/২৪ ৫:২১ অপরাহ্ন


এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে “Supply of computer accessories for Maintenance division of SWTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি মেসার্স উদয় এন্টারপ্রাইজ এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ১,৪২,৮২০/- (এক লক্ষ বিয়াল্লিশ হাজার আটশত বিশ) টাকা মাত্র এর অনুমোদন।


গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় Computer & Accessories (কোড ০২-০১-০১৭) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

 ২/৫/২৪ ৫:২৫ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ২/৫/২৪ ৫:৪৪ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ডুএগা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ২/৫/২৪ ৭:২৯ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২/৫/২৪ ৭:২৯ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
--	---	---	--

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২/৫/২৪ ৮:০২ অপরাহ্ন

Approved.

 ২/৫/২৪ ৮:০৩ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	 ২/৫/২৪ ৮:২১ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ১২/৫/২৪ ৭:০৭ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ডুএগা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১২/৫/২৪ ৭:০৭ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
---	--	--	--